

আবদুর রউফ চৌধুরী (১৯২৯ - ১৯৯৬ খ্রিস্টাব্দ)

আবদুর রউফ চৌধুরী ছিলেন অকুতোভয় ও বহুমুখী স্রষ্টা। তাঁর সৃষ্টিশীল রচনাগুলো ছিল এক তীর্থক অভিজ্ঞতার ফসল, তেমনিই অন্যান্য লেখাগুলো ছিল মনন ধর্মে ঋদ্ধ। তিনি সমাজকে উন্নত করতে, এগিয়ে নিতে ও মিথ্যার সর্বনাশ থেকে উদ্ধার করতে চেয়েছিলেন।

মানুষের প্রতি মমতা ও স্বাধীনতা বিরোধী শক্তির প্রতি প্রবল ঘৃণা তাঁর জীবনে একটা মানবতাবাদী দর্শনে রূপ নিয়েছিল। তাঁর সাহিত্য বিষয়ে বিচিত্রধর্মী ও প্রকরণে সমৃদ্ধ। তিনি বৈজ্ঞানিক চিন্তা ও তুলনামূলক জ্ঞানের পক্ষপাতি ছিলেন। সূক্ষ্ম জীবনবোধের গভীরে ছিল নারী প্রেম ও স্বদেশ প্রীতি; তাঁর 'বিকল্প' ও 'বীরঙ্গনা' প্রভৃতির মতো ছোটগল্প সকল যুগেই মূল্য পাবে তাতে সন্দেহ নেই। অকপটে নির্ভিকভাবে সত্যকে প্রকাশ করা তাঁর সাহিত্যের আর-এক দিক।

আবদুর রউফ চৌধুরীর অকাল মৃত্যু বাংলা সাহিত্যের জন্যে ক্ষতিকর হয়েছে। বাংলা সাহিত্য নগরেই সীমিত নয়, মফস্বলেও বিস্তৃত। সেখানে শিল্পসাধনায় নিয়োজিত লেখকরা নিজের মতো সৃষ্টিকে লালন করে চলেছেন। আবদুর রউফ চৌধুরী তাঁর একান্ত নীরব ও গোপন সাধানার ভেতর দিয়ে নিজেকে আড়ালে রেখে সে কথাই আবার প্রমাণ করে গেলেন।

ড. মনিরুজ্জামান
ভাষাবিদ ও সাহিত্যিক